

আইডিএসকে আলোচনা

প্রিয় সুধীগণ,

ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ কলকাতা (আইডিএসকে) এক উন্মুক্ত আলোচনাসভার আয়োজন করেছে :

বিষয়

গ্রামীণ শিক্ষা ও বিদ্যাচর্চা কেন্দ্র

বক্তা

অধ্যাপক সুতনু ভট্টাচার্য

তারিখ এবং সময়

১৯শে সেপ্টেম্বর, ২০২৫, দুপুর ৩টে

স্থান

আলোচনা গৃহ, ৫ম তলা, আইডিএসকে

সংক্ষিপ্তসার

গ্রাম বাংলার কচি কাঁচাদের কী ভাবে সুশিক্ষিত করা যায় তাই নিয়ে এই আলোচনা। ন্যূনতম পক্ষে ইংরেজিতে যাকে বলে Three basic R's (অর্থাৎ Reading, Writing and Arithmetic), তাকে কী ভাবে সুনিশ্চিত করা যায়, তাই এই আলোচনার উদ্দেশ্য। একটা ব্যাপার এখন সর্বজনস্বীকৃত যে, যে পরিবেশ এক জন শহরের কচিকাঁচা পায় শিক্ষালাভের জন্য, তার প্রায় নব্বই শতাংশেরই অভাব গ্রামীণ কচিকাঁচাদের ক্ষেত্রে। বলা যায়, শহুরে শিক্ষার পরিবেশের থেকে গ্রামীণ শিক্ষার পরিবেশ একদমই আলাদা। তাই নতুন ভাবে ভাবনার প্রয়োজন, গ্রামীণ কচিকাঁচাদের ওই Three basic R-এ যাতে পারদর্শী করা যায়। এই ব্যাপারে বিগত কয়েক বছর ধরে চলে আসা বিদ্যাচর্চা কেন্দ্র একটি নতুন বৈজ্ঞানিক প্রয়াস। তাই নিয়ে আলোচনা করবেন অধ্যাপক সুতনু ভট্টাচার্য।

এই গুরুত্বপূর্ণ আলোচনায় আপনার সাদর আমন্ত্রণ রইল।

শুভেচ্ছা সহ,

সীমন্তিনী মুখোপাধ্যায়

আহ্বায়ক, সেমিনার কমিটি, আইডিএসকে